D:\JAHANGIR\POLICY\Exgratia.doc

বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা।
হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট- ২

প্রশাসন পরিপত্র নং- ০৯/২০১৭ তারিখ ঃ ৩১-০৫-২০১৭ খ্রিঃ

বিষয় ঃ ২০১৫-২০১৬ অর্থ বছরে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের ১ (এক) মাসের মূলবেতনের সমপরিমাণ অর্থ এক্সগ্রেসিয়া হিসেবে প্রদান।

শিরোনামে বর্ণিত বিষয়ে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, অর্থ মন্ত্রণালয়, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, বিশেষায়িত ব্যাংক-১ শাখা এর ৩১-০৫-২০১৭ খ্রিঃ তারিখের ৫৩.০০.০০০০.৩২১.২২.০০২.১৭-১৬৪ নম্বর পত্রটি সকলের অবগতি জন্য ও কার্যার্থে অপর পৃষ্ঠায় হুবহু মুদ্রণ করা হলো।

০২। উপর্যুক্ত পত্রের মাধ্যমে ব্যাংকের সকল স্থায়ী কর্মকর্তা/কর্মচারীগণকে ৩০ জুন, ২০১৬ তারিখে আহরিত বা প্রাপ্য মূলবেতনের ভিত্তিতে এক মাসের মূলবেতনের সমপরিমাণ অর্থ এক্সগ্রেসিয়া হিসেবে প্রদানের সরকারী অনুমোদন জ্ঞাপন করা হয়েছে। উক্ত অনুমোদনের আলোকে সংশ্লিষ্ট সকলকে এক্সগ্রেসিয়া প্রদান করা যাবে।

০৩। উক্ত এক্সগ্রেসিয়ার অর্থ প্রদানের বিষয়ে প্রশাসন পরিপত্র নং ১৭/৯৬ এর শর্তাবলী প্রযোজ্য হবে। এ ছাড়া অস্থায়ী ভিত্তিতে নিযুক্ত গুদাম কর্মচারীগণকে প্রশাসন পরিপত্র নং ১৭/৯৭ এর নির্দেশ পরিপালন সাপেক্ষে উক্ত অর্থ প্রদান করা যাবে।

অনুমোদনক্রমে-

৩১/০৫/২০১৭

(মোঃ জহির ইকবাল)
উপমহাব্যবস্থাপক
ফোন: ৯৫৫৬৯১১

নং-প্রকা/এইচআরএমডি-২/১৬(১)/২০১৬-২০১৭/৩৭৮৭ তারিখ ঃ ৩১-০৫-২০১৭ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ

০১। চীফ ষ্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। ষ্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১/২ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। ষ্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপকের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক/ অধ্যক্ষ, বিকেবি স্টাফ কলেজ, ঢাকা।
০৪। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব/বিভাগীয় প্রধান, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা। (কর্মী সংক্রান্ত ঘোষণাটি ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগকে অনুরোধ করা হলো)।
০৫। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৬। সকল মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক/উপমহাব্যবস্থাপক, কর্পোরেট শাখা, বিকেবি (স্থানীয় মুখ্য কার্যালয়সহ)।
০৭। সকল আঞ্চলিক ব্যবস্থাপক/আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৮। সকল শাখা ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)।
০৯। নথি/মহানথি।

৩১/০৫/২০১৭

(মোঃ আনোয়ারুল ইসলাম)
সহকারী মহাব্যবস্থাপক

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
আর্থিক প্রতিষ্ঠান বিভাগ
বিশেষায়িত ব্যাংক-১ শাখা
www.bfid.gov.bd

নম্বর: ৫৩.০০.০০০০.৩২১.২২.০০২.১৭-১৬৪

তারিখ: ১৭ জ্যৈষ্ঠ ১৪২৪
৩১ মে ২০১৭

**বিষয়: বাংলাদেশ কৃষি ব্যাংক এবং রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংকের কর্মকর্তা/কর্মচারীদের ২০১৫-২০১৬ অর্থবছরের জন্য ০১ (এক) মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ এক্সগ্রেসিয়া (Ex-gratia) হিসেবে প্রদান।**

সূত্র: (১) বাংলাদেশ কৃষি ব্যাংকের পত্র নম্বর: প্রকা/এইচআরএমডি-২/১৬(১)/২০১৬-২০১৭/৩২৭৮, তারিখ: ১৭.০৪.২০১৭;
(২) রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংকের পত্র নম্বর: প্রকা/কেহিবি-১/২৪/২০১৬-২০১৭/৮৪৮৩, তারিখ: ১৭.০৪.২০১৭।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত পত্রদ্বয়ের পরিপ্রেক্ষিতে বাংলাদেশ কৃষি ব্যাংক (বিকেবি) এবং রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক (রাকাব)-এর কর্মকর্তা/কর্মচারীদেরকে ২০১৫-২০১৬ অর্থবছরের জন্য নিম্নলিখিত শর্ত সাপেক্ষে ০১ (এক) মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ এক্সগ্রেসিয়া (Ex-gratia) হিসেবে প্রদানে সরকারী অনুমোদন নির্দেশক্রমে জ্ঞাপন করা হলো:

(ক) এ বাবদ যাবতীয় ব্যয় সংশ্লিষ্ট ব্যাংকের ২০১৫-২০১৬ অর্থবছরের নিজস্ব বাজেট বরাদ্দ হতে নির্বাহ করতে হবে;

(খ) অনুমোদিত এক্সগ্রেসিয়া শুধুমাত্র বাংলাদেশ কৃষি ব্যাংক এবং রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক-এর স্থায়ী ও ২০১৫-২০১৬ অর্থবছরে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের জন্য প্রযোজ্য হবে;

(গ) বাংলাদেশ কৃষি ব্যাংক এবং রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক-এর যে সকল কর্মকর্তা/কর্মচারী ২০১৫-২০১৬ অর্থবছরে প্রেষণে সরকারি দপ্তরে/রাষ্ট্র মালিকানাধীন অপর ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানে নিয়োজিত ছিলেন কিন্তু বিকেবি/রাকাব হতে বেতন-ভাতাদি প্রাপ্ত হতেন তাদের জন্যও বর্ণিত আর্থিক সুবিধা প্রযোজ্য হবে। তবে অন্য কোন প্রতিষ্ঠানের যে সকল কর্মকর্তা/কর্মচারী বর্ণিত অর্থবছরে প্রেষণে বিকেবি/রাকাব-এ কর্মরত ছিলেন কিন্তু তাদের নিজ নিজ মূল প্রতিষ্ঠান হতে বেতন-ভাতা প্রাপ্ত হতেন তাদের জন্য এ আদেশ কার্যকর হবে না;

(ঘ) উল্লিখিত এক্সগ্রেসিয়া জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুসারে ৩০ জুন, ২০১৬ তারিখে প্রাপ্য মূল বেতনের ভিত্তিতে প্রদান করতে হবে; এবং

(ঙ) ব্যাংকের লোকসান হ্রাস করে মুনাফা অর্জনের সর্বাত্মক পদক্ষেপ গ্রহণ করতে হবে।

০১.০৬.২০১৭
(শেখ সিদ্দিকুর রহমান)
সহকারী সচিব
ফোন: ৯৫৮২৩২২

ব্যবস্থাপনা পরিচালকের সচিবালয়
বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
নং. ৪৭১৪ তাং ০১/০৬/১৭
★ ডিএমডি-
★ জিএম
★ ডিজিএম
★ সভায় কার্যপত্র পেশ করুন
★ প্রয়োজনীয় পদক্ষেপ নিন
★ আলাপ করুন
★ জরুরী
ব্যবস্থাপনা পরিচালক

বিতরণ:

১। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
২। ব্যবস্থাপনা পরিচালক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, রাজশাহী।

নম্বর: ৫৩.০০.০০০০.৩২১.২২.০০২.১৭-

তারিখ: ৩১ মে ২০১৭

সদয় জ্ঞাতার্থে:

সচিব মহোদয়ের একান্ত সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ।

(শেখ সিদ্দিকুর রহমান)
সহকারী সচিব

RAKUB Exgratia Note

মহাব্যবস্থাপক (প্রশাসন) এর দপ্তর
নং. তারিখ
উমব্য, এইচআরএমডি-২
উমব্য, আইসিটি
মহাব্যবস্থাপক